## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্ত প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৪ই ফাল্গুন বুধবার ১৩৬৪ ইংরাজী 26th Feb. 1958 { ৪০শ সংখ্যা

৮ই ফাল্গুন ১৮৭৯ শকাব্দ



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ১১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Service

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

# "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

## আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

## শারদীয়া মহাপূজার প্রাপ্য অবকাশ

'জঙ্গিপুর সংবাদে'র গ্রাহক, পাঠক ও বিজ্ঞাপন-দাতাগণের নিকট আমাদের বিনীত নিবেদন—আমরা এই সংখ্যা 'জঙ্গিপুর সংবাদ' প্রকাশ করিয়া আমাদের পূর্ব্ব প্রার্থনা মত দুই সপ্তাহের অবকাশ গ্রহণ করিব। 'জঙ্গিপুর সংবাদ' দুই সপ্তাহ বন্ধ থাকার পর আগামী ৫ই চৈত্র ইংরাজী ১৯শে মার্চ্চ ১৯৫৮ বাহির হইবে। সম্পাদক—'জঙ্গিপুর সংবাদ'

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৪ই ফাল্গুন বুধবার সন ১৩৬৪ সাল।

## "এ মরণ স্বরগ-সমান!"

—০—

ভারতীয় শিক্ষা মন্ত্রী অজাতশত্রু আরবী-পারশী-উর্দ্দু ভাষায় সুপণ্ডিত, আরব-পারস্য-তুরস্ক প্রভৃতি মুসলমান রাষ্ট্রে সর্ব্বজন কর্ত্তৃক মহাপণ্ডিত বলিয়া স্বীকৃত মৌলানা আবুল কালাম আজাদ তাঁহার দিল্লী মহানগরীস্থ বাসভবনে নশ্বর মানবদেহ ত্যাগ করিয়া কাম্যধামে গমন করিয়াছেন।

হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায় কর্ত্তৃক সমভাবে সম্মানিত মহাকবি কবীর খৃষ্টীয় ১৩৮০ হইতে ১৪২০ খৃষ্টাব্দ পর্য্যন্ত তাঁহার উপদেশপূর্ণ দোঁহাবলীতে নিজেকেই সম্বোধন করিয়া যে বচনামৃত বিতরণ করিয়াছেন তাহার একটি দোঁহাতে বলিয়াছেন—

"কবীরা তোম্ যব জগমে আয়ো
জগ হাসে তোম্ রোয়।
এইসা করণী কর্কে চলো—
তোম্ হাসে জগ রোয়।"

অর্থ—কবীর তুমি যখন জগতে এসেছ অর্থাৎ জন্ম-গ্রহণ করেছ তখন জগতের স্বজনগণ হেসেছিল কিন্তু তুমি ভূমিষ্ঠ হইয়াই কাঁদিতে সুরু করিয়াছিলে। এমনি করণীয় করিয়া যাইবে, যে তুমি হাসিতে হাসিতে যাইবে জগৎ তোমার জন্য কাঁদিবে। মৌলানা আজাদ সাহেবের জীবন ঠিক তেমনি ছিল। এমন কাজ করেন নাই, যার জন্য অন্যে কষ্ট পাইবে।

স্বাধীনতা লাভের পর ভারত সাম্রাজ্যের শিক্ষা মন্ত্রী হইয়া দরবারে বসিয়াছিলেন। মৃত্যুর পর জল-স্থল-অন্তরীক্ষ বাহিনী সৈন্যদলের অভিবাদন লইতে লইতে সমাধিক্ষেত্রে শবরূপে চলিলেন, রাষ্ট্রপতি হইতে আরম্ভ করিয়া সমস্ত দরবার যেন তাঁহার অন্তিম যাত্রার অনুগামী হইয়া অশ্রুবর্ষণ করিতে করিতে ফিরিয়া আসিলেন।

আমরা মৌলানা সাহেবের শেষ কৃত্যের বিবরণ সংক্ষেপে দিলাম—

## রাষ্ট্রীয় মর্য্যাদায় মৌলানা আজাদের শেষকৃত্য সম্পন্ন

### সমাধিস্থলে পাঁচ লক্ষ শোকার্ত্ত নর-নারীর সমাবেশ

সাত দিনব্যাপী রাষ্ট্রীয় শোক পালনের সিদ্ধান্ত

মৌলানা আবুল কালাম আজাদের মৃত্যুতে ভারত সরকার সাত দিবসব্যাপী রাষ্ট্রীয় শোক পালনের সিদ্ধান্ত ঘোষণা করিয়াছেন। শোক-সপ্তাহ উৎযাপন কালে সরকারী ভবনসমূহে পতাকা অর্দ্ধ-নমিত অবস্থায় রাখা হইবে। মৌলানা আজাদের তিন জন নিকট আত্মীয় সমাধিস্থলে উপস্থিত ছিলেন। সমাধিস্থলে যাইবার পথের দুই পার্শ্বে এক সহস্র সৈনিক সারিবদ্ধভাবে দণ্ডায়মান ছিলেন। জমিয়ৎ উল উলেমার নেতা মৌলানা আমেদ সঈদ অন্ত্যেষ্টি নমাজ পরিচালনা করেন।

মৌলানা সাহেবের কিং এডওয়ার্ড রোডের বাসভবন হইতে শবাধার লইয়া শোকযাত্রীরা সমাধিস্থলে আসিয়া পৌছান। সকালে তাঁহার বাসভবনে তাঁহার মৃতদেহ পাঁচ ঘণ্টা রাষ্ট্রীয় মর্য্যাদায় রক্ষা করা হয়। ডাঃ রাজেন্দ্রপ্রসাদ, শ্রীনেহরু ও অন্যান্য নেতা একটি রৌপ্যপাত্র হইতে মৃতদেহের উপর গোলাপ জল বর্ষণ করেন। শ্রীনেহরুর উদ্বিগ্ন মুখ সব সময়ে অশ্রুসিক্ত দেখায়। মৌলানা আমেদ সঈদ সমাধিগহ্বরে প্রথম মৃত্তিকাখণ্ড নিক্ষেপ করিলে আরও অনেক নেতা ক্রন্দন করিতে থাকেন। অতঃপর বিপুল জনতা একে একে সমাধিতে একটি করিয়া মৃত্তিকাখণ্ড নিক্ষেপ করিতে থাকিলে অভূতপূর্ব্ব নিস্তব্ধতা বিরাজ করে।

শোকযাত্রীদের অগ্রভাগে শবাধারবাহী যানে প্রধান মন্ত্রী নেহরু, দেশরক্ষা মন্ত্রী শ্রীকৃষ্ণ মেনন, কংগ্রেস সভাপতি শ্রীঢেবর, কাশ্মীরের প্রধান মন্ত্রী বক্সী গোলাম মহম্মদ, মিঃ হুমায়ুন কবীর, মিঃ শাহনওয়াজ খান, মৌলানা আজাদের প্রাইভেট সেক্রেটারী মিঃ আজমল খান ও মিঃ হিফজুর রহমান উপবিষ্ট ছিলেন। শোকযাত্রা সুরু হওয়ার পূর্ব্বে ডাঃ রাজেন্দ্রপ্রসাদ শেষ প্রার্থনা পরিচালনা করেন। বেলা ২-৫০ মিনিটে শোকযাত্রীরা সমাধিস্থলে পৌছান।

### দেশরক্ষা দপ্তরের নির্দ্দেশ

দেশরক্ষা দপ্তর ভারতীয় বাহিনীর সকল ইউনিটের প্রতি এই মর্ম্মে নির্দেশ দিয়াছেন যে, মৌলানা আজাদের মৃত্যুতে সপ্তাহব্যাপী রাষ্ট্রীয় শোক পালনের সময় কোন প্রকার আনুষ্ঠানিক কুচকাওয়াজ অথবা উৎসব হইবে না।

### সরকারী গেজেটে ঘোষণা

ভারত সরকারের প্রচারিত কালো বর্ডার দেওয়া অতিরিক্ত গেজেটে বলা হয়, গভীর দুঃখের সহিত ভারত সরকার ২২শে ফেব্রুয়ারী রাত্রি ২-১৫ মিনিটে কেন্দ্রীয় শিক্ষা ও বৈজ্ঞানিক গবেষণা সচিব মৌলানা আবুল কালাম আজাদের মৃত্যু সংবাদ ঘোষণা করিতেছেন। বিভিন্ন রাজ্যে রাজ্যপাল ও কেন্দ্র-শাসিত অঞ্চলের সেক্রেটারীদের নিকট প্রেরিত লিপিতে ভারত সরকার জানাইয়াছেন যে, মৌলানা আজাদের স্মৃতির প্রতি সম্মান প্রদর্শনার্থ ২২শে ফেব্রুয়ারী শনিবার সকল সরকারী অফিস বন্ধ এবং ২২শে ফেব্রুয়ারী হইতে ৭ দিন পতাকা অর্দ্ধনমিত অবস্থায় রাখা হইবে। শোক সপ্তাহকালে কোন সরকারী উৎসব অনুষ্ঠান চলিবে না।

—

## ভয়াবহ খনি দুর্ঘটনা

গত ১৯শে ফেব্রুয়ারী রাত্রে আসানসোল হইতে ৮ মাইল দূরে চিনাকুড়ি কয়লা খনিতে বিস্ফোরণের ফলে ১৮২ জন নিহত হইয়াছে।

—

## ডাকাতি

বিগত ৫ই ফাল্গুন সোমবার রাত্রিতে সাগরদীঘি থানার মনিগ্রাম ইউনিয়নের দোগাছি গ্রামে স্বর্গত সুধীরকুমার ব্রহ্মচারী মহাশয়ের বাড়ীতে ডাকাতি হইয়াছে। ৭০।৮০ জন ডাকাত মারাত্মক অস্ত্রশস্ত্র লইয়া উক্ত বাড়ী আক্রমণ করিয়া গৃহস্বামীর স্ত্রী ও পুত্রকে মারিয়া বহু নগদ টাকা, গহনাপত্র ও বন্দুকটি লইয়া গিয়াছে। পুলিশ তদন্ত চলিতেছে।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### *নিলামের দিন ১০ই মার্চ্চ ১৯৫৮*

১৯৫৭ সালের ডিক্রীজারী

৩০৫ থাং ডিঃ ফুলচাঁদ শেঠী দেং সাবিত্রীবালা দেবী দাবি ৮ টাকা ৬৯ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে কুতুবপুর ১১ শতকের কাত ৫৪ পাই আঃ ৫৲ খং ৬১

৩০৪ থাং ডিঃ ঐ দেং কানাইলাল রায় দিং দাবি ১২ টাকা ৩ নঃ পঃ মৌজাদি ঐ ১-৩৭ শতকের কাত ১৫৶৩ আঃ ১০৲ খং ৬৪

৩১০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫ টাকা ৯৪ নঃ পঃ থানা ঐ মৌজে চক কুতুবপুর ও কুতুবপুর ৫-৬৪ শতকের কাত ১৪৷৷৶৫ পাই আঃ ১৫৲ খং চক-কুতুবপুর ২৭ কুতুবপুর ৬৩

৩২২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫ টাকা ২৮ নঃ পঃ মৌজাদি ঐ ৬-৬৩ শতকের কাত ১২৷৷১০ পাই আঃ ১৫৲ খং চক কুতুবপুর ২৬ কুতুবপুর ৫৫

৩০৬ থাং ডিঃ ঐ দেং সরলাসুন্দরী বর্ম্মণ্যা দিং দাবি ১২ টাকা ৯১ নঃ পঃ মৌজাদি ঐ ২-১৩ শতকের কাত ৩/৬ পাই আঃ ১৫৲ খং কুতুবপুর ১১১ চক কুতুবপুর ৪৫

৩১৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩ টাকা ১১ নঃ পঃ মৌজাদি ঐ ২-৩ শতকের কাত ৪।৶৬ আঃ ১০৲ খং কুতুবপুর ১০৭ চক কুতুবপুর ৪৬

৩২৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২ টাকা ৬৩ নঃ পঃ মৌজাদি ঐ ১-১১ শতকের কাত ২।০ আঃ ১০৲ খং চক কুতুবপুর ৪৭ কুতুবপুর ১১২

৩০৩ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ রায় দিং দাবি ১৫ টাকা ৬৩ নঃ পঃ মৌজাদি ঐ ৬-১৮ শতকের কাত ১৩৷৷৶১১ পাই আঃ ১৫৲ খং চক-কুতুবপুর ৬১ কুতুবপুর ১৫৫

৩০৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩ টাকা ৪৪ নঃ পঃ থানা ঐ মৌজে নসীপুর ও কুতুবপুর ২-৯১ শতকের কাত ৬৷৷৶৬ পাই আঃ ১৫৲ খং নসীপুর ২৪৬ কুতুবপুর ১৫৯

৩০৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪ টাকা ৩২ নঃ পঃ মৌজাদি ঐ ২-৪৪ শতকের কাত ৯৷৷৶২ পাই আঃ ১৫৲ খং নসীপুর ২৪৩ কুতুবপুর ১৫৪

৩১১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩ টাকা ৫৬ নঃ পঃ থানা ঐ মৌজে কুতুবপুর ও চক কুতুবপুর ৩-৩৫ শতকের কাত ৬৫৶৬ পাই আঃ ১৫৲ খং কুতুবপুর ১৫৮ চক কুতুবপুর ৬২

৩১২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২ টাকা ৯৭ নঃ পঃ থানা ঐ মৌজে নসীপুর ৮৬ শতকের কাত ৫ ৎ৫ পাই আঃ ১৫৲ খং ২৪৮

৩১৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩ টাকা ১৩ নঃ পঃ মৌজাদি ঐ ২-৮০ শতকের কাত ৫৷৷০ আঃ ১৫৲ খং ২৪৭

৩২০ থাং ডিঃ ঐ দেং রসুলমহম্মদ মণ্ডল দিং দাবি ২৪ টাকা ৮৮ নঃ পঃ মৌজাদি ঐ ১৬-৭ শতকের কাত ৩৪৫৶৪ আঃ ২৫৲ খং ৪৬

৩২১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭ টাকা ৭৮ নঃ পঃ মৌজাদি ঐ ৭-৪৩ শতকের কাত ২১৷৷/৩ আঃ ১৫৲ খং ৪২

৩২৩ থাং ডিঃ ঐ দেং রুমেশা বেওয়া দিং দাবি ১৫ টাকা ২৫ নঃ পঃ মৌজাদি ঐ ২-৬৫ শতকের কাত ৮৷৷৵০ আঃ ১৫৲ খং ৫৭

৩২৪ থাং ডিঃ ঐ দেং দুলুপদ দত্ত দিং দাবি ২২ টাকা ৭৮ নঃ পঃ থানা ঐ মৌজে নসীপুর ও কুতুবপুর ১২-৯১ শতকের কাত ২৭৷৷/০ আঃ ২৫৲ খং নসীপুর ৯৪ কুতুবপুর ৪৮

৩২৬ থাং ডিঃ ঐ দেং বিলাত মণ্ডল দিং দাবি ১৩ টাকা থানা ঐ মৌজে নসীপুর ৯৯ শতকের কাত ৪৲ আঃ ১০৲ খং ২৪

২০৬ থাং ডিঃ মোহিনীমোহন রায় দিং দেং শকুন্তলা বাই দাবি ২২ টাকা ৫৮ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে ভাবকী ৩৯ শতকের কাত ১।৶১৭৷৷০ আঃ ১০৲ খং ৩৫১

২০৭ থাং ডিঃ ঐ দেং নগেন্দ্রবালা দাসী দাবি ২৪ টাকা ৪৫ নঃ পঃ থানা ঐ মৌজে তেঘরী ৬ শতকের কাত ১।৶১০ আঃ ১০৲ খং ১৮৬

২৭৭ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং সাফাদ সেখ দিং দাবি ২০ টাকা ২৮ নঃ পঃ থানা সুতী মৌজে আহিরণ ১-৪০ শতকের কাত ৪।৯ আঃ ১০৲ খং ৩২৬ রায়ত স্থিতিবান

১৮৪ থাং ডিঃ সহস্রাংশুকান্ত আচার্য্য দিং দেং নজর আলি মণ্ডল দাবি ৩৮ টাকা ৫৬ নঃ পঃ থানা সুতী মৌজে রগুনপুর থাক চন্দ্রনারায়ণপুর ২৷৷০ জমির কাত ২৫/০ আঃ ১০৲

২৪৫ থাং ডিঃ ঐ দেং কাবাতুল্লা মণ্ডল দাবি ১৬৩ টাকা ৮৩ নঃ পঃ থানা ঐ মৌজে নারায়ণপুর ২৩।৩ জমি আঃ ৫০৲

১৯০ থাং ডিঃ সেঃ কুমার রণেন্দ্রনারায়ণ সিংহ দিং দেং আমীর বিশ্বাস দিং দাবি ২৫ টাকা ২৩ নঃ পঃ থানা সুতী মৌজে উমরাপুর ৮৭ শতকের কাত ।৶০ আঃ ২২৲ খং ১৩

২৫৯ থাং ডিঃ রাজকুমার রণেন্দ্রনারায়ণ সিংহ দিং দেং হরিহর ঘোষাল দিং দাবি ১১০ টাকা ২৭ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেগুাজামুয়ার ২২৮ শতকের কাত ৩৲ আঃ ১০০৲ খং ২০৫

২১৯ থাং ডিঃ বাঁশরীমোহন সেন দিং দেং হরিহর ঘোষাল দিং দাবি ২৭ টাকা ৭২ নঃ পঃ থানা রঘুনাথ-গঞ্জ মৌজে মণ্ডলপুর ৬৫ শতকের কাত ৩৫০ আঃ ২০৲ খং ২০২, ৫৫০

৭২ মনি ডিঃ সেকেন্দার মণ্ডল দিং দেং জবেদালি বিশ্বাস দাবি ১১ টাকা ৩ নঃ পঃ থানা সুতী মৌজে হাজিপুর ৪১ শতকের কাত ।৵০ আঃ ৫৲ খং ৫৭

১৯৫৬ সালের ডিক্রীজারী

৩৭৪ থাং ডিঃ কুমার চন্দ্রসিংহ দুধোরিয়া দিং দেং সেবাইত গোবিন্দদাস নাথ দিং দাবি ৩২ টাকা ৭২ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর শ্রীপুর ২৩৬ শতকের কাত ১২৷৷০ আঃ ১০৲ খং ১৭৮১ মধ্য স্বত্বাধিকারী চিরস্থায়ী মোকররী নহে

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### *নিলামের দিন ১৭ই মার্চ্চ ১৯৫৮*

১৯৫৭ সালের ডিক্রীজারী

১১৪ থাং ডিঃ সৌরেন্দ্রনাথ রায় দেং বিভূতিভূষণ দাস দাবি ১২ টাকা ৫৫ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে মালঞ্চা ২৫ শতকের কাত ৫১৭৷৷০ আঃ ৪৲ খং ৩৭৭

১১৫ থাং ডিঃ ঐ দেং জোহরদি সেথ দিং দাবি ২৯ টাকা ২৮ নঃ পঃ থানা ঐ মৌজে অনুপনগর সামিল দিঘরি ঘোড়ামারা ৯৬ শতকের কাত ৪/২ আঃ ৫৲ খং ২৭৯

---



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের
**আমলা** কেশ তৈল



(সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২)



## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ম" টেলিফোন : বড়বাজার ৫১৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত